# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৭৩]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬৪: কৃতজ্ঞ ধনীর মাহাত্ম্য

## بَابُ فَضْلِ الغَنِيِّ الشَّاكِرِ ـ (64)

আরবী

وَعَن أَبي هُرَيرَةَ رضي الله عنه: أنَّ فُقَراءَ المُهَاجِرينَ أتَوْا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، فَقَالُوا: ذَهَبَ أهْلُ الدُّثُورِ بِالدَّرَجَاتِ العُلَى، وَالنَّعِيم المُقِيمِ، فَقَالَ: «وَمَا ذَاك ؟» فَقَالُوا: يُصَلُّونَ كَمَا نُصَلِّي، وَيَصُومُونَ كَمَا نَصُومُ، وَيَتَصَدَّقُونَ وَلاَ نَتَصَدَّقُ، وَيَعْتِقُونَ وَلاَ نَعْتِقُ، فَقَالَ رَسُول اللهِ صلى الله عليه وسلم:«أفَلا أُعَلِّمُكُمْ شَيْئاً تُدْرِكُونَ بِهِ مَنْ سَبَقَكُمْ، وَتَسْبِقُونَ بِهِ مَنْ بَعْدَكُمْ، وَلاَ يَكُونُ أحَدٌ أفْضَلَ مِنْكُمْ إلاَّ مَنْ صَنَعَ مِثْلَ مَا صَنَعْتُمْ؟» قَالُوا: بَلَى يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، قَالَ: «تُسَبِّحُونَ وَتُكَبِّرُونَ وَتَحْمِدُونَ، دُبُرَ كُلِّ صَلاَةٍ ثَلاثاً وَثَلاثِينَ مَرَّةً » فَرَجَعَ فُقَرَاء المُهَاجِرينَ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، فَقَالُوا: سَمِعَ إخْوَانُنَا أهلُ الأمْوالِ بِمَا فَعَلْنَا، فَفَعَلُوا مِثْلَهُ ؟ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «ذَلِكَ فَضْلُ اللهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ ». متفقٌ عَلَيْهِ، وَهَذَا لفظ رواية مسلم

বাংলা

৩/৫৭৮। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, একদা গরীব মুহাজির (সাহাবাগণ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, 'হে আল্লাহর রাসূল! ধনীরাই তো উঁচু উঁচু মর্যাদা ও চিরস্থায়ী সম্পদের অধিকারী হয়ে গেল।' তিনি বললেন, ''তা কিভাবে?'' তাঁরা বললেন, 'তারা নামায পড়ছে যেমন আমরা নামায পড়ছি, তারা রোযা রাখছে যেমন আমরা রাখছি। কিন্তু তারা সাদকাহ করছে, আর আমরা করতে পারছি না। তারা দাস মুক্ত করছে, আর আমরা পারছি না।' এ কথা শুনে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''আমি কি তোমাদেরকে এমন জিনিস শিখিয়ে দেব না, যার দ্বারা তোমরা তোমাদের অগ্রবর্তীদের মর্যাদা লাভ করবে, তোমাদের পরবর্তীদের থেকে অগ্রবর্তী থাকবে এবং তোমাদের মত কাজ যে করবে, সে ছাড়া অন্য কেউ তোমাদের চাইতে শ্রেষ্ঠতর হতে পারবে না?''

তাঁরা বললেন, 'অবশ্যই হে আল্লাহর রাসূল! (আমাদেরকে তা শিখিয়ে দিন।)' তিনি বললেন, ''প্রত্যেক (ফরয) নামাযের পরে ৩৩ বার করে 'সুবহানাল্লাহ', 'আল্লাহু আকবার' ও 'আল-হামদু লিল্লাহ' বলবে।'' অতঃপর গরীব মুহাজিরগণ পুনরায় আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, 'আমরা যে আমল করছি, সে আমল আমাদের ধনী ভাইয়েরা শোনার পর তারাও আমল শুরু করে দিয়েছে? (এখন তো তারা আবার আমাদের চেয়ে অগ্রবর্তী হয়ে যাবে।)' আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''এ হল আল্লাহর অনুগ্রহ; তিনি যাকে ইচ্ছা তা দান করেন।'' (বুখারী, মুসলিম শব্দগুলি মুসলিমের) [1]

## English

(64) Chapter: Excellence of a Grateful Rich Man

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Some of the poor Emigrants came to Messenger of Allah (ﷺ) and said to him, "The wealthy have obtained all high ranks and everlasting bliss." He asked, "How is that?" They replied: "They offer Salat as we do, and observe Saum (fasting) as we do, but they give in Sadaqah (charity) and we do not, and they emancipate slaves and we cannot." He (ﷺ) said, "Shall I not teach you something whereby you will catch up with those who have preceded you and will get ahead of those who follow you, and no one will surpass you unless he does the same as you do?" They said, "Surely, O Messenger of Allah." He said, "Say: Subhan Allah, and Allahu Akbar, and praise Him (by saying Al-hamdu lillah) thirty-three times at the end of every Salat." They returned to him and said: "Our brothers, the possessors of wealth, having heard what we are doing, have started doing the same." Messenger of Allah (ﷺ) said, "This is Grace of Allah which He gives to whom He wishes."

[Al- Bukhari and Muslim].

Commentary: The wording of the Hadith apparently reveals that Subhan Allah "Glory be to Allah'', Al-hamdu lillah "Praise be to Allah'', and Aallhu Akbar "Allah is the Greatest'' should be recited thirty-three times. If each group of words is said eleven times, the total number will become thirty-three. But Al-Hafiz Ibn Hajar believes that each formula should be uttered thirty-three times, that is to say, after each prayer "Subhan Allah'', "Al-hamdu lillah'' and "Allahu Akbar'' should be uttered thirty-three times each. But according to some hadith, Imam An-Nawawi is of the view that "Allahu Akbar'' should be said thirty-four times and in the end "La ilaha illallahu Wahdahu la sharika Lahu, Lahul-mulku wa Lahul-hamdu, wa Huwa `ala kulli shai'in Qadir'' (none has the right to be worshipped but Allah, He is One; He has no partners; to Him belongs the dominion and all the praise; and He has

power over all things) should be recited. Should we recite them together or separately? Al-Qadi `Iyad is of the opinion that it is better to recite them separately, but Imam An-Nawawi is of the view that both ways are correct. In fact, in both ways
the number remains the same. Besides, an addition must not be made to the Sunnah of Messenger of Allah (PBUH). Practically we knew that it is necessary to use the prescription of a physician without making any alteration in its
elements; otherwise, it will not work properly. Similarly, there are spiritual benefits, blessings and efficacy in the number told by the Prophet (PBUH). Any alteration in it will nullify its blessing and efficacy. (Fath Al-Bari). This Hadith reveals how fervently the Companions were inclined towards good and how concerned about surpassing those who were better than them in some forms of good deeds. Indeed, all Muslims are equal with regard to the practice of religious principles. But what gives an edge to the rich over their poor coreligionists are the financial forms of worship, that is, charity and almsgiving, which the latter are unable to do.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৮৪৩, ৬৩২৯, মুসলিম ৫৯৫, আবূ দাউদ ১৫০৪, ইবনু মাজাহ ৪৮৮, ৯২৭, আহমাদ ৭২০২, ৮৬১৬, ৯৮৯৭, দারেমী ১৩৫৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23543

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন